



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫০৮৩

তারিখ : ২০-১১-২০২৩ খ্রি.

বিষয় : তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৯-১০-২০২৩ তারিখের আবেদন (আইডি- (২২৫৬৮)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন কৈখালী এস. আর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি জনাব শেখ আব্দুর রহিম গং এর বিরুদ্ধে জনাব মোছাঃ নুরুন্নাহার পারভীন একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের কপি সংযুক্ত

২০-১১-২০২৩

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০২৪৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা

তারিখ : ২০-১১-২০২৩ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫০৮৩(৭)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৪। সভাপতি, কৈখালী এস. আর মাধ্যমিক বিদ্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৫। প্রধান শিক্ষক, কৈখালী এস. আর মাধ্যমিক বিদ্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৬। অভিযোগকারী, মোছাঃ নুরুন্নাহার পারভীন।
- ৭। অফিস নথি।

২০-১১-২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৬২৭০৫

বরাবর

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয়ঃ কৈখালী এস.আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আবুল বাসারের আত্মহত্যা প্ররোচনা, নাশকতা, ধর্ষন, চেক জালিয়াতি সহ বহুল মামলার সাজাপ্রাপ্ত আসামী শেখ আঃ রহিম জেল হাজত খাটিয়া জামিনে থাকার পর মামলা উঠাইয়া নেওয়ার হুমকি দেওয়ায় এবং আমার স্বামীর কল্যাণ/অবসর ভাতা উত্তোলনের প্রয়োজনীয় কাগজপত্রাদি দিবে না মর্মে জানাইয়া দেওয়ায় তার সভাপতি পদ বাতিল সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য আবেদন।

জনাব

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোছাঃ নুরুন্নাহার পারভীন, স্বামী- মৃত আবুল বাসার, সাং- পশ্চিম কৈখালী, পোঃ শৈলখালী, বর্তমান ঠিকানা- গোপালপুর, পোঃ নকিপুর-৯৪৫০, উপজেলা- শ্যামনগর, জেলা- সাতক্ষীরা। এই মর্মে লিখিত ভাবে অবহিত করিতেছি যে, আমার স্বামী মোঃ আবুল বাসার সাতক্ষীরা জেলাবীন শ্যামনগর থানার অর্ন্তগত ০৫ নং কৈখালী ইউনিয়নে কৈখালী শামছুর রহমান মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ছিল। স্কুলে ম্যানেজিং কমিটির সহিত দ্বন্দ্বের কারণে ম্যানেজিং কমিটির সভাপতি শেখ আব্দুর রহিম এবং অন্যান্য শিক্ষকরা আমার স্বামীকে বিভিন্ন সময় হয়রানী, খুনজখমের হুমকি, মিথ্যা মামলায় জড়িয়ে দেওয়া সহ বিভিন্ন ভাবে মানসিক চাপ সৃষ্টি করে। যাহার ফলে আমার স্বামী মানসিক ও শারীরিক ভাবে অসুস্থ হইয়া পড়ে। উক্ত ম্যানেজিং কমিটি এবং অন্যান্য শিক্ষকদের এহেন কার্যকলাপের মাধ্যমে আমার স্বামীকে পদ থেকে সরে যাওয়ার জন্য চাপ সৃষ্টি সহ আত্মহত্যার প্ররোচনা দিতে থাকে। যাহার ফলে আমার স্বামী তাদের চাপে ও প্ররোচনায় আত্মহত্যা করে। উক্ত বিষয় ম্যানেজিং কমিটির সভাপতি ও ০৫ নং কৈখালী ইউনিয়নের চেয়ারম্যান শেখ আব্দুর রহিম ও শিক্ষকদের নামে শ্যামনগর থানায় নিয়মিত মামলা হয়। যাহার জি.আর- ০৬/২০২৩ (শ্যামঃ) শ্যামনগর থানার মামলা নং- ০৩, তারিখ- ০৪/০১/২০২৩ ইং ধারা- ৩০৬ পেনাল কোড। আমি আমার স্বামীর মৃত্যুর পর দুইটি সন্তানের পড়া শুনার খরচ চালানোর জন্য আমার স্বামীর কল্যাণ ও অবসর ভাতা উত্তোলনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি নেওয়ার জন্য একাধিবার উক্ত প্রতিষ্ঠানের প্রধান ও ম্যানেজিং কমিটির সহিত যোগাযোগ করি। কিন্তু তাহারা অদ্যাবধি আমার প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করেন নাই এবং করিবে না বলে জানাইয়া দিয়াছে। উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি শেখ আব্দুর রহিম নাশকতা, ধর্ষন, আত্মহত্যা প্ররোচনায় চার্জসীট ভুক্ত এবং চেক জালিয়াতি সহ বিভিন্ন অপকর্মের একাধিক সাজাপ্রাপ্ত আসামী হিসাবে চিহ্নিত। সে স্থানীয় ভাবে প্রভাব বিস্তার করিয়া আমার স্বামীর কল্যাণ/অবসর ভাতা উত্তোলনের যাবতীয় কাগজপত্র আটকাইয়া রাখার কারণে আমি সহ আমার দুই সন্তান এক প্রকার অতিকষ্টে মানবেতর জীবন যাপন করিতেছি। তাছাড়া শেখ আব্দুর রহিম লোক মারফত আমাকে সহ আমার পরিবারের উপর জীবন নাশের ভয়-ভীতি হুমকি ধামকি অব্যাহত রাখায় গত ইং- ০৯/০৪/২০২৩ তারিখে ৪৫৫ নং সাধারণ ডায়েরী ভুক্ত করি। বর্তমানে শেখ আব্দুর রহিম আমাকে হুমকি দিয়া বলিয়াছে যে, আমি যদি আত্মহত্যার প্ররোচনার মামলা উঠাইয়া না নেই তাহলে আমার স্বামীর কল্যাণ/অবসর ভাতার কোন কাগজপত্র দিবে না মর্মে সাফ জানাইয়া দিয়াছে। সে কারণে আমি কোন উপায় অস্ত না পাইয়া একাধিক মামলার আসামী শেখ আব্দুর রহমান সহ ম্যানেজিং কমিটির সকল সদস্যদের পদাধিকার বাতিল করার জন্য আবেদন জানাইতেছি।

অতএব জনাব, সমীপে প্রার্থনা বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে স্বামী হারা অসহায় নারী এবং দুই এতিম সন্তানের মানবিক দিক বিবেচনা করিয়া স্বামীর কল্যাণ/অবসর ভাতার প্রয়োজনীয় কাগজপত্রাদি ফেরৎ সহ দুর্নীতিবাজ ম্যানেজিং কমিটি বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিতে আপনার একান্ত মর্জি হয়।

তারিখঃ ২৯/১০/২০২৩ খ্রিঃ

বিনীত

মোছাঃ নুরুন্নাহার পারভীন

(মোছাঃ নুরুন্নাহার পারভীন)

স্বামী- মৃত আবুল বাসার

সাং- পশ্চিম কৈখালী, পোঃ শৈলখালী

বর্তমান ঠিকানা- গোপালপুর, পোঃ নকিপুর-৯৪৫০

উপজেলা- শ্যামনগর, জেলা- সাতক্ষীরা।